

প্রাইম ইউনিভার্সিটির উত্তরা ক্যাম্পাস বন্ধে ফের শিক্ষা মন্ত্রণালয়কে ইউজিসির চিঠি

নিজস্ব বার্তা পরিবেশক

প্রাইম ইউনিভার্সিটির উত্তরা ক্যাম্পাস বন্ধে আবারও শিক্ষা মন্ত্রণালয়কে চিঠি দিয়েছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)। এ বিশ্ববিদ্যালয়ের উত্তরা ক্যাম্পাসকে (৪২, রবীন্দ্র সরণী, সেক্টর-৭, উত্তরা) অননুমোদিত আখ্যা দিয়ে গতকাল বৃহস্পতিবার বিকেলে দ্বিতীয়বারের মতো ইউজিসি এ চিঠি পাঠায়। কিন্তু শিক্ষা মন্ত্রণালয় এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে গড়িমসি করেছে বলে জানা গেছে।

ইউজিসির বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগের পরিচালক শামসুল আলম স্বাক্ষরিত চিঠিতে বলা হয়েছে, প্রাইম ইউনিভার্সিটির উত্তরা ক্যাম্পাসটি অননুমোদিত বিধায় ওই ক্যাম্পাসে ছাত্রছাত্রী ভর্তি না হওয়ার জন্য কমিশন গত ২৫ এপ্রিল কয়েকটি জাতীয় দৈনিকে গণবিজ্ঞপ্তি প্রকাশ করে। এছাড়া, প্রাইম ইউনিভার্সিটির উত্তরা ক্যাম্পাসের পরিচালক আবুল হোসেন দারুল ইহসান বিশ্ববিদ্যালয়ের চারটি গ্রুপের এক গ্রুপের কর্ণধার এবং তিনি প্রাইম ইউনিভার্সিটিকে দারুল ইহসান বিশ্ববিদ্যালয়ের পর্যায় নিয়ে যাচ্ছেন বলেও চিঠিতে মন্তব্য করা হয়েছে।

এ বিষয়ে ইউজিসির সনদ্যা প্রফেসর ড. আতফুল হাই শিবলী বলেছেন, কোন বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস বন্ধের এখতিয়ার ইউজিসির হাতে নেই। তাই শিক্ষা মন্ত্রণালয়কে এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে বলা হয়েছে।

ইউজিসির চিঠিতে আরও বলা হয়, আবুল হোসেন সিএমএম আদালত ও সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে তিনটি মোকদ্দমা দায়ের করলে আদালত মামলাগুলো খারিজ করে দেন। ফলে ওই ক্যাম্পাস বন্ধের ব্যাপারে মামলা সংক্রান্ত আর কোন বাধা নেই।

প্রাইম ইউনিভার্সিটির উত্তরা ক্যাম্পাস বন্ধে প্রয়োজনে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সহযোগিতা নেয়া যেতে পারে বলে চিঠিতে উল্লেখ করা হয়েছে।

জানা যায়, প্রাইম ইউনিভার্সিটির উত্তরা ক্যাম্পাস বন্ধে এর আগে গত ১৮ এপ্রিল শিক্ষা মন্ত্রণালয়কে চিঠি দেয় ইউজিসি। এ নিয়ে অগ্রগতি না থাকায় গতকাল দ্বিতীয়বারের মতো চিঠি দেয় ইউজিসি। শিক্ষা মন্ত্রণালয়ের একটি অত্যন্ত চক্রে প্রাইম ইউনিভার্সিটির উত্তরা ক্যাম্পাস টিকিয়ে রাখতে মরিয়া। কারণ চক্রেটি অবৈধ ক্যাম্পাসের কর্ণধারদের কাছ থেকে নিয়মিত মাসোহারা পাচ্ছে বলে অভিযোগ রয়েছে।